গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দৌলতপুর, কুষ্টিয়া

স্মারক নংঃ ০৫.৪৪.৫০০০.০৩৯.০০২.২৫- ২২৭

তারিখঃ ০৩ চৈত্র, ১৪৩১
১৭ মার্চ, ২০২৫

## ২০ একরের নিচে জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়ের ২৩/০৬/২০০৯ খ্রিঃ তারিখের ভূঃমঃ/শা-৭/বিবিধ(জল)/০২/২০০৯-১৯১ স্মারক এবং সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ এর গেজেট মোতাবেক দরপত্র আহবান করা হচ্ছে। নিম্ন তফশিল বর্ণিত জলমহালগুলো বাংলা ১৪৩২ সনের ০১ বৈশাখ হতে ১৪৩৪ সনের ৩০ চৈত্র পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদের ইজারা প্রদানের নিমিত্ত দরপত্রে উল্লেখিত শর্ত সাপেক্ষে কেবলমাত্র অনুমোদিত মৎসজীবী সমবায় সমিতির তালিকাভুক্ত ব্যক্তি উপজেলা নির্বাহী অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া বরাবর ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) মূল্যের ব্যাংক ড্রাফট/পে অর্ডার জমা দিয়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও উপজেলা ভূমি অফিস, দৌলতপুর, কুষ্টিয়া হতে অফিস চলাকালীন সময় দরপত্র ফরম ক্রয় এবং দরপত্র দাখিল করতে পারবেন। টেন্ডার পত্রের সাথে উল্লেখিত দরের ২০% জামানত হিসেবে ব্যাংক ড্রাফট বা পেঅর্ডার উপজেল নিবর্হী অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া এর অনুকূলে দাখিল করতে হবে। দরপত্রের অন্যান্য শর্তবলী দরপত্র ফরমের সাথে সংযুক্ত থাকবে। প্রয়োজনীয় তথ্যাদি বর্ণিত অফিস থেকে জানা যাবে।

| ক্র. নং | উপজেলার নাম | জলমহালের নাম ও আয়তন (একরে) | সরকারি ইজারা মূল্য (প্রতি বছর) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | দৌলতপুর | বাড়াগাংদিয়া দহ (আয়তন- ১৫.৫২ একর) | ৩,৫৮,২৫০/- | |
| ২. | দৌলতপুর | বড় পুকুর (আয়তন - ০.৬০ একর ) | ১৫,৭০০/- | |
| ৩. | দৌলতপুর | ছোট পুকুর (আয়তন - ০.৪০ একর) | ১০,৫০০/- | |
| ৪. | দৌলতপুর | আড়িয়া দহ (আয়তন - ৭.১৯ একর) | ৭৩,০০০/- | |

| ডাক | দরপত্র বিক্রয়ের তারিখ | দরপত্র দাখিলের তারিখ | দরপত্র দাখিলের সর্বশেষ সময় | দরপত্র বক্স খোলার সময় |
|---|---|---|---|---|
| ২য় ডাক | ১৮/০৩/২০২৫ হতে ২৩/০৩/২০২৫ পর্যন্ত | ২৪/০৩/২০২৫ | দুপুর- ২:০০ টা পর্যন্ত | বিকাল ৩:০০ টা |
| ৩য় ডাক | ২৪/০৩/২০২৫ হতে ০৬/০৪/২০২৫ পর্যন্ত | ০৭/০৪/২০২৫ | দুপুর- ২:০০ টা পর্যন্ত | বিকাল ৩:০০ টা |

উল্লেখ্য উক্ত জলমহাল ইজারা এর ধার্যকৃত সরকারি মূল্য এবং বিজ্ঞপ্তির বিস্তারিত তথ্য উপজেলা ভূমি অফিস, দৌলতপুর, কুষ্টিয়া হতে অফিস চলাকালিন সময় জানা যাবে। জলমহাল ইজারা সংক্রান্ত উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় অনুমোদনের পর চূড়ান্ত অনুমোদন সাপেক্ষে ইজারার অর্থ জমা নেওয়া হবে। জলমহাল ইজারার আবেদনের শর্তাবলী acl.daulatpur.kushtia.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

মোঃ আব্দুল হাই সিদ্দিকী
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
দৌলতপুর, কুষ্টিয়া

স্মারক নংঃ ০৫.৪৪.৫০০০.০৩৯.০০২.২৫- ২২৭

তারিখঃ ০৩ চৈত্র, ১৪৩১ বঙ্গাব্দ
১৭ মার্চ, ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। জেলা প্রশাসক, কুষ্টিয়া।
০২। পুলিশ সুপার, কুষ্টিয়া।
০৩। অতিরিক্ত জেলা প্রশাসক, রাজস্ব/সার্বিক/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কুষ্টিয়া।
০৪। উপজেলা নির্বাহী অফিসার, দৌলতপুর/কুষ্টিয়া সদর/ভেড়ামারা/মিরপুর/কুমারখালী, খোকসা, কুষ্টিয়া।
০৫। উপজেলা মৎস কর্মকর্তা, দৌলতপুর, কুষ্টিয়া
০৬। অফিসার ইনচার্জ, দৌলতপুর থানা, দৌলতপুর, কুষ্টিয়া।
০৭। সহকারী প্রোগ্রামার, আই.সি.টি. শাখা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দৌলতপুর, কুষ্টিয়া। তাকে অত্র ইজারা বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
০৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ................................... (সংশ্লিষ্ট জলমহালভুক্ত এলাকা)।
০৯। সম্পাদক, ................................., তাকে স্বল্প পরিসরে দরপত্র বিজ্ঞপ্তি ০১ (এক) দিনের জন্য প্রকাশের অনুরোধ করা হ'ল।
১০। নোটিশ বোর্ড।

মোঃ আব্দুল হাই সিদ্দিকী
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
দৌলতপুর, কুষ্টিয়া

CamScanner

## জলমহাল ইজারার আবেদনের শর্তাবলী ঃ

৫২. দরপত্র উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও সহকারী কমিশনার (ভূমি) দৌলতপুর, কুষ্টিয়া এর কার্যালয়ে পাওয়া যাবে।
৫৩. দরপত্রের সাথে ৫০০/- (পাঁচশত) টাকা দরপত্র ফি (অফেরতযোগ্য) কুষ্টিয়া জেলার যে কোন তফশিলভুক্ত ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া এর অনুকূলে জমা দিতে হবে।
৫৪. দরপত্রের সহিত উল্লেখিত দরের ২০% হারে জামানত কুষ্টিয়া জেলার যে কোন তফশিলভুক্ত ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া এর অনুকূলে জমা দিতে হবে।
৫৫. নির্ধারিত সময়ের পর কোন দরপত্র বিক্রি করা হবে না।
৫৬. নির্ধারিত তারিখ ও সময়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও সহকারী কমিশনার (ভূমি), দৌলতপুর, কুষ্টিয়ার কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে আবেদনপত্র গ্রহণ করা হবে।
৫৭. কোন ঘসামাজা ও কাটাকাটিপূর্ণ দরপত্র গ্রহণ করা হবে না।
৫৮. জলমহাল ইজারার সিদ্ধান্ত হওয়ার পর ইজারা গ্রহীতা কার্যাদেশ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে সমুদয় অর্থ (ভ্যাট, আয়কর, এবং সরকার নির্ধারিত অন্যান্য করসহ) সরকারের অনুকুলে জমা প্রদান করতে হবে এবং তা বাংলা ১৪৩২ সনের ০১ বৈশাখ হতে ১৪৩৪ সনের ৩০ শে চৈত্র পর্যন্ত বলবৎ থাকবে (বছর ওয়ারি লীজ মানি পরিশোধ সাপেক্ষে)।
৫৯. ইজারা সংক্রান্ত সরকারি নীতিমালা ও সময়ে সময়ে জারীকৃত সরকারী বিধি বিধানসমূহ ইজারা গ্রহীতাকে মেনে চলতে হবে।
৬০. জলমহাল ইজারা সংক্রান্ত উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি প্রাপ্ত দরপত্র যাচাই-বাছাই ও প্রচলিত বিধি-বিধান অনুসরণ পূর্বক জলমহাল ইজারা সম্পর্কে অভিজ্ঞতা ও যোগ্যতা বিবেচনা করে উপযুক্ত আবেদনকারীর অনুকূলে নির্ধারিত মূল্যে ইজারা বন্দোবস্ত প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবেন।
৬১. উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি ইজারা সংক্রান্ত বিষয়ে চূড়ান্ত করে ইজারা দিবেন এবং কর্তৃপক্ষের সঙ্গে লীজ চুক্তি সম্পাদন করতে হবে।
৬২. ইজারা গ্রহীতাকে ইজারা মূল্যের উপর ১০% আয়কর ও ১৫% ভ্যাট জমা প্রদান করতে হবে।
৬৩. ইজারাদার কোন অবস্থাতেই জলমহালের কোন অংশ সাব-লীজ দিতে পারবে না। সাব-লীজ প্রদান করলে ইজারা বাতিল বলে গণ্য হবে।
৬৪. দরপত্র দাখিলের পূর্বে জলমহালটি সরেজমিনে দেখে দরপত্র দাখিল করতে হবে। পরে আপত্তি উপস্থাপন করলে তা বিবেচনায় নেয়া হবে না।
৬৫. কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং সর্বোচ্চ দরপত্র রিজার্ভ রেখে পুনরায় দরপত্র আহবান করতে পারবে।
৬৬. কার্যাদেশ প্রাপ্তির ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে সরকারি পাওনা পরিশোধ করতে ব্যর্থ হলে জামানত বাজেয়াপ্ত করা হবে।
৬৭. ইজারার অর্থ পরিশোধের পরবর্তী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার নন জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারা গ্রহীতা চুক্তিপত্র সম্পাদন করবেন। অতঃপর জলমহালের দখল বুঝিয়ে দেওয়া হবে।
৬৮. সবোর্চ্চ করদাতা একাধিক হলে লটারীর মাধ্যমে তাদের মধ্যে হতে এক জনকে নির্বাচন করে জলমহাল ইজারা প্রদান করা হবে।

মোঃ আব্দুল হাই সিদ্দিকী
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
দৌলতপুর, কুষ্টিয়া

CamScanner